# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

সারিইয়া আবু হাদরাদ আসলামী (سرية أبي حدرد الأسلمي)

৭ম হিজরীর যুলক্বা‘দাহ মাস, রাসূল (ছাঃ)-এর ক্বাযা ওমরাহ পালনের পূর্বে। মাত্র দু’জন সঙ্গী সহ আবু হাদরাদকে আল্লাহর রাসূল (ছাঃ) প্রেরণ করেন জুশাম বিন মু‘আবিয়া(جُشَمُ بنُ مُعاوِيَةَ) গোত্রের একটি দলের বিরুদ্ধে বনু গাত্বফানের গাবাহ (الغَابَةِ) নামক স্থানে। যেখানে তারা জমা হয়েছিল ক্বায়েস গোত্রের লোকদেরকে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধে শামিল করার জন্য। আবু হাদরাদ (রাঃ) সেখানে গিয়ে এমন এক যুদ্ধ কৌশল অবলম্বন করেন যে, শত্রুপক্ষ শোচনীয়ভাবে পরাজিত হয় এবং বহু উট ও গবাদিপশু হস্তগত হয়।[1]

ফুটনোট

[1]. ইবনু হিশাম ২/৬২৯; যাদুল মা‘আদ ৩/৩২০; আর-রাহীক্ব ৩৮৩ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5568

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন